তোমরা কুরআন মাজীদ পাঠ কর। কেননা কিয়ামতের দিন কুরআন, তার পাঠকের জন্য সুপারিশকারী হিসাবে আগমন করবে।

আবূ উমামাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে এ কথা বলতে শুনেছি যে, “তোমরা কুরআন মাজীদ পাঠ
কর। কেননা কিয়ামতের দিন কুরআন, তার পাঠকের জন্য সুপারিশকারী হিসাবে আগমন করবে।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় উম্মতকে কুরআন পাঠের প্রতি উৎসাহ প্রদান করেছেন। কারণ, যখন কিয়ামতের দিন আসবে তখন আল্লাহ তা‘আলা এ কুরআন পাঠের সাওয়াবকে স্বয়ংসম্পূর্ণ সত্তা বানিয়ে দিবেন। ফলে যে কুরআন পাঠ করত, কুরআন নিয়ে ব্যস্ত থাকত এবং কুরআনের আদেশ ও নিষেধ পালন করত কিয়ামতের দিন সে তার জন্যে সুপারিশ করবে।

https://sunnah.global/hadeeth/bn/show/5383